

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ সুন্নত ও নফল নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নফল নামায ঘরে পড়া ভাল

ফরয নামায বিধিবদ্ধ হয়েছে দ্বীনের প্রচার ও তার প্রতীকের বহিঃপ্রকাশ ঘটানোর উদ্দেশ্যে। তাই ফরয নামায প্রকাশ্যভাবে লোক মাঝে প্রতিষ্ঠা করা হয়। পক্ষান্তরে নফল নামায বিধিবদ্ধ হয়েছে নিছক মহান আল্লাহর সন্তুষ্টি কামনা করে তাঁর নৈকট্য লাভ করার লক্ষেয়। সুতরাং নফল নামায যত গুপ্ত হবে, তত লোকচক্ষের দৃষ্টি আকর্ষণ তথা 'রিয়া' থেকে অধিক দূর ও পবিত্র হবে। (ফাইযুল কাদীর 8/২২০) আর সে জন্যই নফল নামায স্বগৃহে গোপনে পড়া উত্তম।

তাছাড়া নফল নামায ঘরে পড়লে নামাযের তরীকা ও গুরুত্ব পরিবার-পরিজনের কাছে প্রকাশ পায়। আর এ জন্য হুকুম হল, "তোমরা ঘরে নামায পড় এবং তা কবর বানিয়ে নিও না।" (বুখারী ৪৩২, মুসলিম, সহীহ ৭৭৭, আবূদাউদ, সুনান ১৪৪৮, তিরমিয়ী, সুনান, নাসাঈ, সুনান, জামে ৩৭৮৪নং) অর্থাৎ, কবরে বা কবরস্থানে যেমন নামায় নেই বা হয় না সেইরুপ নিজের ঘরকেও নামাযহীন করে রেখো না।

মহানবী (ﷺ) আরো বলেন, "তোমরা স্বগৃহে নামায পড় এবং তাতে নফল পড়তে ছেড়ো না।" (সিলসিলাহ সহীহাহ, আলবানী ১৯১০, জামে ৩৭৮৬নং)

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "তোমাদের কেউযখন মসজিদে (ফরয) নামায সম্পন্ন করে তখন তার উচিৎ, সে যেন তার নামাযের কিছু অংশ (সুন্নত নামায) নিজের বাড়ির জন্য রাখে। কারণ বাড়িতে পড়া ঐ কিছু নামাযের মধ্যে আল্লাহ কল্যাণ নিহিত রেখেছেন।" (মুসলিম, সহীহ ৭৭৮নং)

মহানবী (ﷺ) বলেন, "হে মানবসকল! তোমরা স্বগৃহে নামায আদায় কর। যেহেতু ফরয নামায ছাড়া মানুষের শ্রেষ্ঠতম নামায হল তার স্বগৃহে পড়া নামায।" (নাসাঈ, সুনান, ইবনে খুযাইমাহ্, সহীহ, সহিহ তারগিব ৪৩৭নং)

নবী মুবাশ্শির (ﷺ) বলেন, "যেখানে লোকে দেখতে পায় সেখানে মানুষের নফল নামায অপেক্ষা যেখানে লোকে দেখতে পায় না সেখানের নামায ২৫ টি নামাযের বরাবর।" (আবূ য়্যা'লা, জামে ৩৮২১নং)

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "লোকচক্ষুর সম্মুখে (নফল) নামায পড়া অপেক্ষা মানুষের স্বগৃহে নামায পড়ার ফ্যীলত ঠিক সেইরুপ, যেরুপ নফল নামায অপেক্ষা ফর্য নামাযের ফ্যীলত বহুগুণে অধিক।" (বায়হাকী, সহিহ তারগিব ৪৩৮নং)

এমন কি মদ্বীনাবাসীর জন্যও মসজিদে নববীতে নফল নামায পড়ার চাইতে নিজ নিজ ঘরে পড়া বেশী উত্তম। (আবূদাউদ, সুনান, জামে ৩৮১৪নং)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন